নরসিংদী জেলা লিগ্যাল এইড কমিটির জাতীয় আইনগত সহায়তা দিবস-২০২৫ পালিত

হলধর দাস,নরসিংদী:: নরসিংদীতে বিভিন্ন কর্মসূচীর মধ্যে দিয়ে জাতীয় আইনগত সহায়তা দিবস-2025 পালিত হয়েছে। এবারের প্রতিপাদ্য ছিলো:-‘ দ্বন্দ্বে কোনো আনন্দ নাই, আপস করো ভাই, লিগ্যাল এইড আছে পাশে, কোনো চিন্তা নাই’। বিভিন্ন কর্মসূচির মধ্যে ছিলো:
1. বেলুন ও পায়রা উড়িয়ে দিবসের শুভ সুচনা,
2 বর্ণাঢ্য র্যালি ও
3.আলোচনা সভা।
জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে শুক্রবার (২৮ এপ্রিল) সকাল ০৯ ঘটিকায় নরসিংদী জেলা লিগ্যাল এইড কমিটির মাননীয় চেয়ারম্যান ও সিনিয়র জেলা ও দায়রা জজ জনাব শেখ হুমায়ুন কবীর-এর নেতৃত্বে আদালত চত্বরে বেলুন ও শান্তির পায়রা কবুতর উড়িয়ে দিবসের শুভ সুচনা করা হয়।
পরে আদালত চত্বর থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় আদালত প্রাঙ্গনে ফিরে আসে। র্যালিতে জেলা জজ আদালতের বিচারক, কর্মকর্তা-কর্মচারি, আইনজীবী, বিভিন্ন সামাজিক ও স্বেচ্ছাসেবী সংগঠনের নেতৃবৃন্দ ও সুশীল সমাজের ব্যাক্তিরা অংশগ্রহণ করেন।
পরে জেলা জজ আদালত চত্বরে জাতীয় আইনগত সহায়তা দিবসের তাৎপর্য তুলে ধরে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা লিগ্যাল এইড কমিটির মাননীয় চেয়ারম্যান এবং সিনিয়র জেলা ও দায়রা জজ শেখ হুমায়ুন কবীর-এতে সভাপতিত্ব করেন।
আলোচনা সভায় বক্তব্য রাখেন, শেখ হুমায়ুন কবীর মাননীয় সভাপতি, জেলা লিগ্যাল এইড কমিটি ও সিনিয়র জেলা ও দায়রা জজ, নরসিংদী; মুহম্মদ আলী আহসান, মাননীয় বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, নরসিংদী;
মুহাম্মদ লুৎফুল কবীর নয়ন, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নরসিংদী;
মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী, জেলা প্রশাসক, নরসিংদী; মোঃ আব্দুল হান্নান, পুলিশ সুপার,নরসিংদী;
ডাঃ সৈয়দ মোঃ আমিরুল হক, সিভিল সার্জন, নরসিংদী; মোতাহারাত

আক্তার ভূইয়া, বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ, নরসিংদী;
ইফাত মুবিনা ইউসুফ, বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ, নরসিংদী; মোহাম্মদ শাহাদাত হোসেন, বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ, নরসিংদী।
ডাঃ এ.এন.এম মিজানুর রহমান, তত্বাবধায়ক, জেলা হাসপাতাল, নরসিংদী; এ্যাডভোকেট আঃ মান্নান, সভাপতি, জেল আইনজীবী সমিতি, নরসিংদী ; এলিছ জাহান, জেলা লিগ্যাল এইড অফিসার ও সিনিয়র সহকারী জজ, নরসিংদী;
এসময় বিচার বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী ও জেলা আইনজীবী সমিতির সদস্যসহ নরসিংদী জেলার সরকারি – বেসরকারি অফিসের কর্মকর্তা ও কমচারীবৃন্দ, বিভিন্ন সামাজিক ও স্বেচ্ছাসেবী সংগঠনের নেতৃবৃন্দ, সুশীল সমাজের ব্যাক্তিরা উপস্থিত ছিলো। আলোচনা সভায় ০৩ জন প্যানেল আইনজীবীকে সেরা প্যানেল আইনজীবী ক্রেস্ট প্রদান করা হয়।
এরা হলেন, অ্যাড. মোসাঃ ফাতেমা বেগম, অ্যাড. ইশরাত জাহান শম্পা, অ্যাড. মোঃ সালাহ্ উদ্দিন খন্দকার সোহেল।

জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে আদালত চত্বরে বিনামূল্যে ব্লাড গ্রুপিং ও ডায়াবেটিস পরীক্ষা করার জন্য একটি স্টল খোলা হয়।